

## ■ সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১৪৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ২২৮৯]

৩০/ হাওয়ালা (كتاب الحواليات)

পরিচ্ছেদঃ ১৪২২. হাওয়ালা করা। হাওয়ালা করার পর পুনরায় হাওয়ালাকারীর নিকট দাবী করা যায় কি? হাসান এবং কাতাদা (র.) বলেন, যে দিন হাওয়ালা করা হল, সে দিন যদি সে মালদার হয় তাহলে হাওয়ালা জায়িয় হবে। ইব্ন আবাস (রা.) বলেন, দু'জন অংশীদার অথবা উত্তরাধিকারী পরস্পরের মধ্যে এভাবে বষ্টন করল যে একজন নগদ সম্পদ নিল, অন্যজন সে ব্যক্তির অপরের নিকট পাওনা সম্পদ নিল। এমতাবস্থায় যদি কারো সম্পদ নষ্ট হয়ে যায়, তবে অন্যজনের নিকট তা আবার দাবী করা যাবে না।

بَابِ فِي الْحَوَالَةِ، وَهُلْ يَرْجِعُ فِي الْحَوَالَةِ وَقَاتَادَةٌ إِذَا كَانَ يَوْمَ أَحَالَ عَلَيْهِ مَلِيًّا جَازَ، وَقَالَ أَبْنُ عَبَّاسٍ يَتَخَارِجُ الشَّرِيكَانِ وَأَهْلُ الْمِيرَاثِ، فَيَأْخُذُ هَذَا عَيْنًا وَهَذَا دَيْنًا، فَإِنْ تَوِيَ لِأَحَدِهِمَا لَمْ يَرْجِعْ عَلَى صَاحِبِهِ

আরবী

حَدَّثَنَا الْمَكِّيُّ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ أَبِي عُبَيْدٍ، عَنْ سَلَمَةَ بْنِ الْأَكْوَعَ - رضى الله عنه - قَالَ كُنَّا جُلُوسًا عِنْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذْ أُتِيَ بِجَنَازَةٍ، فَقَالُوا صَلِّ عَلَيْهَا. فَقَالَ "هَلْ عَلَيْهِ دَيْنٌ". قَالُوا لَا. قَالَ "فَهَلْ تَرَكَ شَيْئًا". قَالُوا لَا. فَصَلَّى عَلَيْهِ ثُمَّ أُتِيَ بِجَنَازَةٍ أُخْرَى، فَقَالُوا يَا رَسُولَ اللَّهِ، صَلِّ عَلَيْهَا. قَالَ "هَلْ عَلَيْهِ دَيْنٌ". قِيلَ نَعَمْ. قَالَ "فَهَلْ تَرَكَ شَيْئًا". قَالُوا ثَلَاثَةً دَنَانِيرَ. فَصَلَّى عَلَيْهَا، ثُمَّ أُتِيَ بِالثَّالِثَةِ، فَقَالُوا صَلِّ عَلَيْهَا. قَالَ "هَلْ تَرَكَ شَيْئًا". قَالُوا لَا. قَالَ "فَهَلْ عَلَيْهِ دَيْنٌ". قَالُوا ثَلَاثَةً دَنَانِيرَ. قَالَ "صَلِّوا عَلَى صَاحِبِكُمْ". قَالَ أَبُو قَاتَادَةَ صَلِّ عَلَيْهِ يَا رَسُولَ اللَّهِ، وَعَلَى دَيْنِهِ. فَصَلَّى عَلَيْهِ.

বাংলা

২১৪৪। মক্কী ইবনু ইবরাহীম (রহঃ) ... সালামা ইবনু আকওয়া (রাঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেন, একদিন আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট বসা ছিলাম, এমন সময় একটি জানায়া উপস্থিত করা হল। সাহাবীগণ বললেন, আপনি তার জানায়ার সালাত (নামায/নামাজ) আদায় করে দিন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তার কি কোন ঝণ আছে? তারা বলল, না। তিনি বললেন, সে কি কিছু রেখে গেছে? তারা

বলল, না। তখন তিনি তার জানায়ার সালাত আদায় করলেন।

তারপর আরেকটি জানায়া উপস্থিত করা হল। সাহাবীগণ বললেন, ইয়া রাসূলল্লাহ! আপনি জানায়ার সালাত আদায় করে দিন। তিনি বললেন, তার কি কোন ঋণ আছে? বলা হল হ্যাঁ, আছে। তিনি বললেন, সে কি কিছু রেখে গেছে? তারা বললেন, তিনটি দ্বীনার। তখন তিনি তার জানায়ার সালাত আদায় করলেন।

তারপর তৃতীয় আরেকটি জানায়া উপস্থিত করা হল। সাহাবীগণ বললেন, আপনি তার জানায়া আদায় করুন। তিনি বললেন, সে কি কিছু রেখে গেছে? তারা বললেন, না। তিনি বললেন, তার কি কোন ঋণ আছে? তারা বললেন, তিন দ্বীনার। তিনি বললেন, তোমাদের এ লোকটির সালাত তোমরাই আদায় করে নাও। আবু কাতাদা (রাঃ) বললেন, ইয়া রাসূলল্লাহ তার জানায়ার সালাত আদায় করুন, তার ঋণের জন্য আমি দায়ী। তখন তিনি তার জানায়ার সালাত আদায় করলেন।

## English

Narrated Salama bin Al-Akwa:

Once, while we were sitting in the company of Prophet, a dead man was brought. The Prophet (ﷺ) was requested to lead the funeral prayer for the deceased. He said, "Is he in debt?" The people replied in the negative. He said, "Has he left any wealth?" They said, "No." So, he led his funeral prayer. Another dead man was brought and the people said, "O Allah's Messenger (ﷺ)! Lead his funeral prayer." The Prophet (ﷺ) said, "Is he in debt?" They said, "Yes." He said, "Has he left any wealth?" They said, "Three Dinars." So, he led the prayer. Then a third dead man was brought and the people said (to the Prophet (ﷺ)), Please lead his funeral prayer." He said, "Has he left any wealth?" They said, "No." He asked, "Is he in debt?" They said, ("Yes! He has to pay) three Diners.', He (refused to pray and) said, "Then pray for your (dead) companion." Abu Qatada said, "O Allah's Messenger (ﷺ)! Lead his funeral prayer, and I will pay his debt." So, he led the prayer.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ সালামাহ ইবনু আকতুয়া' (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=2223>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন